# প্রধানমন্ত্রীর সঙ্গে ভিসার এশিয়া-প্যাসিফিক প্রেসিডেন্টের বৈঠক



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন বৈশ্বিক পেমেন্ট প্রযুক্তি প্রতিষ্ঠান ভিসার এশিয়া-প্যাসিফিক অঞ্চলের প্রেসিডেন্ট স্টিফেন কার্পিন। মঙ্গলবার (১১ আগস্ট) বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে তাদের মধ্যে সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

বৈঠকে বাংলাদেশে বিনিয়োগ বাড়ানো এবং ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণে ভিসার আগ্রহের কথা জানান স্টিফেন কার্পিন। তিনি বলেন, ডিজিটাল আর্থিক সেবা, প্রযুক্তি ও উদ্ভাবনের ক্ষেত্রে বাংলাদেশের বাজারে কাজ করার যথেষ্ট সুযোগ রয়েছে। বিশেষ করে ব্যাংকিং ব্যবস্থার বাইরে থাকা বা কার্ড ব্যবহার করেন না এমন গ্রাহকদের ডিজিটাল লেনদেনে যুক্ত করতে বিনিয়োগ ও প্রযুক্তিগত সহায়তা দেওয়ার আগ্রহ প্রকাশ করেন তিনি।

কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) কাজে লাগিয়ে দেশের ব্যাংকিং ও ডিজিটাল পেমেন্ট ব্যবস্থাকে আরও নিরাপদ, দ্রুত ও ব্যবহারবান্ধব করার বিষয়েও ভিসার আগ্রহের কথা তুলে ধরেন স্টিফেন কার্পিন। পাশাপাশি মেট্রোরেল, টোল প্লাজা, এক্সপ্রেসওয়ে ও অন্যান্য জনসেবামূলক ব্যবস্থায় কার্ডভিত্তিক পেমেন্টের পরিধি বাড়ানোর সম্ভাবনা নিয়েও আলোচনা হয়।

বাংলাদেশের ডিজিটাল ও ক্রিয়েটিভ অর্থনীতির বিকাশে ভিসা সহযোগিতা করতে চায় বলেও জানান তিনি। দেশের ফ্রিল্যান্সারদের বিদেশ থেকে আয় সহজ ও নিরাপদে দেশে আনার জন্য কার্যকর ডিজিটাল পেমেন্ট অবকাঠামো তৈরির বিষয়টিও বৈঠকে গুরুত্ব পায়। একই সঙ্গে বাংলাদেশে কর্মসংস্থান বাড়াতে ভিসার একটি প্রযুক্তি উন্নয়ন কেন্দ্র বা গ্লোবাল সার্ভিস সেন্টার স্থাপনের আহ্বান জানানো হয়।

প্রধানমন্ত্রী তারেক রহমান বাংলাদেশে ডিজিটাল আর্থিক সেবা ও প্রযুক্তির বিস্তারে বেসরকারি খাতের অংশগ্রহণকে স্বাগত জানান। দেশের ডিজিটাল অর্থনীতি, বিনিয়োগ পরিবেশ ও প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধিতে আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলোর সহযোগিতার প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন তিনি। বৈঠকে প্রধানমন্ত্রীর ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা রেহান আসিফ আসাদ, বিডার নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী, বাংলাদেশ ব্যাংকের গভর্নর মো. মোস্তাকুর রহমানসহ ভিসার ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।